সম্মাননা স্বীকৃতি পেলো সাংবাদিক এ সিদ্দিকি শাহিন

মেহেরপুর প্রতিদিনের গাংনী প্রতিনিধি এ সিদ্দিকি শাহিন ‘আলোর পথে আমরা’ সংগঠনের পক্ষ থেকে সম্মাননা পেয়েছেন।

শুক্রবার বিকালে সংঘঠনের পক্ষ থেকে তাকে এ সম্মাননা দেওয়া হয়।

তার এই সম্মননা প্রাপ্তিতে মেহেরপুর প্রতিদিনের পক্ষ থেকে সম্পাদক ইয়াদুল মোমিন, প্রকাশক এম.এ.এস ইমন, যুগ্ম সম্পাদক আল-আমীন, চীফ রির্পোটার মর্তুজা ফারুক রুপক, স্টাফ রির্পোটার পারভেজ, পিয়াল, ওবায়দুল, শাকিল সহ মেহেরপুর পরিবারের পক্ষ থেকে তাকে অভিন্দন জানানো হয়।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীর পল্লীতে প্রধান শিক্ষক কর্তৃক যৌন হয়রানির শিকার স্কুল ছাত্রী

মেহেরপুরের গাংনী উপজেলার শালদহ গ্রামের এস এ আর বি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক কর্তৃক ছাত্রীর যৌন হয়রানির শিকার হয়েছে বলে অভিযোগ উঠেছে।
২০১৯ সালের জেএসসি পরীক্ষার্থী ঐ বিদ্যালয়ের এক ছাত্রীকে প্রধান শিক্ষক এনামুল ইসলাম যৌন হয়রানি করে বলে এলাকায় গুঞ্জন ওঠে। পরে এর সত্যতাও পাওয়া যায়।

যৌন হয়রানির শিকার ঐ ছাত্রীর বাবাকে হুমকি ধামকিও দেয় প্রধান শিক্ষক এনামুল ইসলাম।

ভুক্তোভুগি ছাত্রীর বাবা একজন গরীব দিনমজুর। সে শালদহ গ্রামের

বাসিন্দা।

প্রথম দিকে মেয়েটির বাবা এর প্রতিবাদ করলেও হুমকির পর থেকে সে আর মুখ খুলতে চাননি।

তবে ভুক্তোভোগি ছাত্রী জানায়, প্রধান শিক্ষক এনামুল ইসলাম জেএসসি পরীক্ষায় রেজিষ্ট্রেশন পত্রে তার ছবি ভুল হওয়ায়। সে ঐ ছাত্রীর বাড়িতে দুপুরের দিকে আসে। সে সময় ঐ ছাত্রী বাড়ি পরিষ্কারের কাজে ব্যাস্ত ছিল। তার মা দোকানে সদায় করতে গিয়েছিল। সে সময় বাড়িতে আর কেউ ছিলনা। বাড়ি ফাঁকা দেখে প্রধান শিক্ষক ছাত্রীর ঘরে উঠে পড়ে।

এসময় ঐ ছাত্রী তাকে জিজ্ঞাসা করলে শিক্ষক বলে তোমার ছবি ভুল হয়েছে। এসব কথা বলে এক সময় তার শরীরের বিভিন্ন স্থানে হাত দিলে। ঐ ছাত্রী তাকে তিরস্কার করে এবং বলে আমি চিৎকার করব। এসময় ঐ শিক্ষক ঘরের বাইরে চলে আসে এবং ঐ ছাত্রীকে বিষয়টি ধামাচাপা দিতে কিছু টাকা দিতে গেলে ঐ ছাত্রী তা প্রত্যাক্ষান করে।

এদিকে বিষয়টি এলাকায় জানাজানি হলে, প্রধান শিক্ষক এনামুল ইসলাম এলাকার কিছু প্রভাবশালী লোকদের হাত করে ছাত্রীর বাবাকে হুমকি ধামকি দেয় বলে জানা যায়।

তবে কেউ কেউ জানিয়েছেন, ঐ ছাত্রীর বাবাকে কিছু টাকা দিয়ে বিষয়টি ধামাচাপা দিয়েছে।

জানতে চাইলে ঐ ছাত্রীর বাবা সাংবাদিকদের বলেন, আমরা গরীব মানুষ আমার মেয়ে ভাল আছে। তাছাড়া তেমন কিছুই হয়নি। মেয়েকে বিদ্যালয়ে না দেওয়ার কারণ জানতে চাইলে তিনি বলেন, মেয়ের বয়স হয়েছে তার বিয়ে দিতে হবে। তাছাড়া গরীব মানুষের মেয়ে লেখা পড়া চালানো সম্ভব না। তাই মেয়েকে বিদ্যালয়ে আর পাঠাবনা।

মেয়ের বাল্য বিয়ে দিলে জেলা জরিমানা হতে পারে এমন কথা বললে তিনি বলেন মেয়েকে অন্য বিদ্যালয়ে ভর্তি করব। কিন্তু ঐ বিদ্যালয়ে পাঠাবনা।
এদিকে প্রধান শিক্ষক এনামুল ইসলামের বিরুদ্ধে ছাত্রীদের যৌন হয়রানির ব্যাপারে একাধিক অভিযোগ রয়েছে বলে অনেকে জানান।

জানতে চাওয়া হলে প্রধান শিক্ষক এনামুল ইসলাম বলেন, আমার বিরুদ্ধে এসব অভিযোগ একেবার মিথ্যা। আমাকে ফাঁসানোর জন্য এসব মিথ্যা কথা

রটানো হচ্ছে।
এক প্রশ্নের জবাবে তিনি বলেন, এলাকায় আমার কিছু প্রতিপক্ষ রয়েছে তারা আমার বিরুদ্ধে এ সব অপপ্রচার চালাচ্ছে। কারা এবং কেনই বা অপপ্রচার চালাচ্ছে জানতে চাইলে তিনি বলেন, এ বিষয়ে মোবাইলে না বলে সরাসরি বলবেন বলে বিষয়টি এড়িয়ে যান।

- গাংনী প্রতিনিধি

গাংনীর উপজেলা প্রশাসনের পক্ষে থেকে ইটভাটা মালিকদের নোটিশ প্রদান

মেহেরপুর জেলার গাংনী উপজেলার বিভিন্ন ইটভাটা মালিকদের নোটিশ প্রদান করেন। ইটের কাজে জন্য মাটি পরিবহনের সময় সরকারী রাস্তাতে মাটি পড়ার কারণে জন সাধারনের চলাচলের ক্ষেত্রে জনদূর্ভোগ ও জন নিরাপত্তা হীনতা সৃষ্টি হচ্ছে।

যাহা ফৌজদারী কার্যবিধি -১৮৯৮ এর- ১৩৩ ধারা মোতাবেক অপরাধ।

গাংনী উপজেলার বিভিন্ন রাস্তার ব্যবহারের করে থাকেন ইটভাটা মালিকরা। মাটি পরিবহনের জন্য ট্রাকটর ব্যবহার করে থাকে সে সময় রাস্তার উপর পড়া মাটি। সামান্য বৃষ্টি হলে রাস্তায় চলাফেরা জন দূর্ভোগের মাত্র আরো বেড়ে যায়।

গতকাল শুক্রবার সকাল ১১.৩০মি সময় গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভৃমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট ইয়ানুর রহমান ও গাংনী থানা পুলিশের এস আই হাবিব, সহ বাঁশবাড়ীয়া ও চিৎলা রাস্তার পার্শ্বে ভাই ভাই ব্রিকস, আনারুল ব্রিকস অভিযান চালান ও নোটিশ প্রদান করেন।

এবং ভাটামালিকদের রাস্তা পরিস্কার রাখিবার জন্য অনুরোধ করেন।

- আল-আমীন, গাংনী

করমদী মাধ্যমিক বিদ্যালয়ে গাছ কর্তনে মিথ্যাচার করেছেন প্রধান শিক্ষক আলম হুসাইন

মেহেরপুরের গাংনী উপজেলার করমদী মাধ্যমিক বিদ্যালয়ে মাঝারি থেকে বড় সাইজের ৮টি গাছ কর্তন করেন। গত ২০১৯ সালের ডিসেম্বর মাসের ১৫ তারিখ থেকে ১৭ তারিখ তিনদিন ধরে তিনি মোট ৮টি গাছ কর্তন করেন।

গাছ কাটার ব্যাপারে প্রধান শিক্ষক মুহাঃ আলম হুসাইন কোন প্রকার নিয়ম কানুন না মেনে আইনকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে নিজের ইচ্ছায় তিনি গাছ গুলো কাটেন।

এ ব্যাপারে তিনি সাংবাদিকদের বিদ্যালয় পরিচালনা কমিটির মিটিং করে রেজুলেশন খাতায় সকলের স্বাক্ষর করে সকলের মতামতের ভিত্তিতে গাছ কাটা হয়েছে বলে জানান। অথচ বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি লাইলা আরজুমান শিলা সাংবাদিকদের জানান, প্রধান শিক্ষক মৌখিকভাবে গাছ কাটার বিষয়ে জানিয়েছিল।

কিন্তু সভাপতি প্রধান শিক্ষককে নিয়মের বাইরে কোন কিছু করা যাবেনা বলে জানিয়ে দেন। এদিকে প্রধান শিক্ষক আলম হুসাইন সভাপতিকে বোঝাতে সক্ষম হন বিদ্যালয়ের গাছ বিদ্যালয়ের কাজে ব্যবহার হবে এতে কোন অসুবিধা হবেনা।

বিদ্যালয়ের শিক্ষার্থীদের বসার জন্য বেঞ্চ দরকার তাই গাছগুলি কাটতে হয়েছে বলে প্রধান শিক্ষক মুহাঃ আলম হুসাইন সাংবাদিকদের জানালেও বিদ্যালয়ের সভাপতি সাংবাদিকদের জানান, প্রধান শিক্ষক বিদ্যালয়ের সীমানা প্রাচীর করবে বলে সে গাছ কাটতে চায়। তবে সভাপতি প্রধান শিক্ষককে আইন বা নিয়মের বাইরে কোন কিছু না করার জন্য বার বার শতর্ক করেন।

এদিকে প্রধান শিক্ষকের নিকট রেজুলেশন খাতা দেখতে চাইলে তিনি প্রথমে বলেন রেজুলেশন খাতা তার বাসায় আছে পরে দেখানো যেতে পারে। পরে আবারও দেখতে চাইলে তিনি বলেন বিদ্যালয়ে আছে। আসলে রেজুলেশনে

সভাপতির কোন স্বাক্ষরই নেই।

কারণ সভাপতি সাংবাদিকদের জানিয়েছেন তিনি গাছ কাটার বিষয়ে কোন রেজুলেশনে স্বাক্ষর করেননি। তাছাড়া তিনি ঢাকায় অবস্থান করছেন। কিভাবে রেজুলেশনে স্বাক্ষর করবেন। এ ধরণের মিথ্যাচার করে প্রধান শিক্ষক বিদ্যালয়ের গাছ কেটে নিয়মের কথা বলে বেড়াচ্ছেন।

তারপরও প্রধান শিক্ষক মুহাঃ আলম হুসাইন প্রচলিত নিয়মকে তোয়াক্কা না করে নিজের ইচ্ছাতে বিদ্যালয়ের বড় বড় গাছ কেটে হজম করেছেন। স্থানীয় অনেকেই জানান, শিক্ষক মুহাঃ আলম হুসাইন দীর্ঘদিন জামায়াতের রাজনীতিতে জড়িত ছিলেন। তিনি বিএনপি জোট সরকারের আমলে কাজিপুর ইউনিয়নের চেয়ারম্যান ছিলেন।

পরে আর চেয়ারম্যান নির্বাচিত না হতে পেরে করমদি মাধ্যমিক বিদ্যালয়ে প্রায় ১০ লক্ষ টাকা উৎকোচ দিয়ে প্রধান শিক্ষক পদে নিয়োগ লাভ করেন বলে জানা যায়। তার এ নিয়োগ নিয়ে সাবেক উপজেলা চেয়ারম্যান বিএনপি নেতা মুরাদ আলী বিরোধীতাও করেন যা হাইকোর্ট পর্যন্ত গড়ায়।

এলাকাবাসি প্রধান শিক্ষক মুহাঃ আলম হুসাইনের মিথ্যাচারের বিষয়ে চাপা ক্ষোভ প্রকাশ করছেন।

এদিকে গাছ কর্তনের বিষয় উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান জানান, সভাপতির কাঁধে ভর দিয়ে নিয়ম ভাঙ্গা যাবেনা। তাছাড়া আইন অমান্য করে গাছ কাটা হলে আমরা এর ব্যবস্থা গ্রহন করব।

- এ সিদ্দিকী শাহীন, গাংনী

গাংনীতে জাতীয় ভিটামিন ‘‘এ’’ প্লাস ক্যাম্পেইনে অবহিতকরন

সভা

জাতীয় ভিটামিন “এ” প্লাস ক্যাম্পেইন /২০২০ গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর আয়োজনে উপজেলা পর্যায়ে অবহিতকরন ও পরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার সকালে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. রিয়াজুল আলম।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম.এ খালেক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী পৌরসভার মেয়র আশরাফুল ইসলাম, সহকারি কমিশনার (ভুমি) ইয়ানুর রহমান, গাংনী থানার এস.আই হাবিব, গাংনী উপজেলা ইমাম সমিতির সভাপতি ও উপজেলা জামে মসজিদের ইমাম ইলিয়াস হোসেনসহ বিভিন্ন শ্রেনীপেশার মানুষ অংশগ্রহন করেন ।

অনুষ্ঠানের সঞ্চালক ইপিআই টেকনিশিয়ান আব্দুর রশিদ জানান, এবছর ৬-১১ মাস বয়সের ৩৭৫২ জন শিশুকে এবং ১২-৫৯ মাস বয়সের ২৯ হাজার ৭৫৮ জন শিশুকে ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো হবে।

এ জন্য ইউনিয়ন, পৌরসভা ও উপজেলা পর্যায়ে ২১৯ টি কেন্দ্র নির্ধারন করা হয়েছে। ২৭ জন তত্বাবধানকারীর তত্বাবধঅনে ৪৩৮ জন সেচ্চাসেবীর মাধ্যমে জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন সুষ্ঠ ভাবে সমপন্ন করা হবে।

- গাংনী প্রতিনিধি

গাংনীতে মুজিববর্ষ উদযাপন

বিষয়ক প্রস্তুতিমূলোক সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলা প্রশাসন আয়োজিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী (মুজিব বর্ষ) উদযাপন বিষয়ক প্রস্তুতিমূলোক সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার দুপুর ২টার দিকে উপজেলা প্রশাসনের সভাকক্ষে মুজিব বর্ষকে আড়ম্বর পূর্ণভাবে উদযাপনের লক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমানের সভাপতিত্বে বক্তব্য রাখেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহিদুজ্জামান খোকন।
উপজেলা চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, পৌর মেয়র আশরাফুল ইসলাম, ওসি তদন্ত সাজেদুল ইসলাম, জেলা আওয়ামী লীগের সহ সভাপতি শহিদুল ইসলাম বিশ্বাস, জেলা আওয়ামী লীগের মহিলা বিষয়ক সম্পাদিকা নুরজাহান বেগম,উপজেলা শিক্ষা অফিসার মীর হাবিবুল বাশার,

কাথুলি ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা, রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন ছেপু, সাহারবাটি ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক, উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান একেএম শফিকুল আলম, উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মনি, গাংনী সরকারি ডিগ্রি কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম, গাংনী মহিলা কলেজের অধ্যক্ষ খোরশেদ আলম, দারিয়াপুর ডিগ্রি কলেজের প্রভাষক মুরাদ হোসেন,

ছাত্রলীগের সভাপতি তৌহিদুল ইসলাম, সাধারন সম্পাদক বিপ্লব হোসেন সহ উপজেলা সকল শ্রেনী পেশার মানুষ উপস্থিৎ থেকে যথাযোগ্য মর্যাদায় আড়ম্বর পূর্ণভাবে মুজিব বর্ষ উদযাপনের লক্ষ্যে মতামত প্রকাশ করেন।

- গাংনী প্রতিনিধি

গাংনীর কচুইখালিতে গোষ্ঠলীলা কীর্ত্তণ ও ভোগ মহৎসব অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলার কচুইখালি গ্রামে গোষ্ঠলীলা কীর্ত্তণ ও ভোগ মহৎসব অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকাল ১১টার দিকে গ্রামের নিজুদীপা শ্মশান প্রাঙ্গনে এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোঃ সাহিদুজ্জামান খোকন।

শ্মশান কমিটির সভাপতি রবিন হালদারের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা,জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মখলেছুর রহমান মুকুল, বিআরডিবি সভাপতি আলি আজগর, ধানখোলা ইউনিয়ন (ক) আওয়ামী লীগের সভাপতি আলি আজগর, সাধারণ সম্পাদক রুহুল আমিন,

খ ইউনিটের সভাপতি মেম্বর জাফর আলি, সাধারণ সম্পাদক আঃ রাজ্জাক, কাথুলি ইউনিয়ন আওয়মী লীগের সভাপতি মোঃ গোলজার হোসেন, পুজা উদযাপন কমিটির সভাপতি মনোরঞ্জন হালদার, পরিচলনা কমিটির সভাপতি নাদু গোপাল, খুদিরাম হালদার,মঙ্গল কর্মকার, বাসু সাহা, চিত্ত হালদার সহ অনুষ্ঠান পরিচালনা কমিটির অন্যান্য সদস্যবৃন্দ।

ইসলামি বিশ্ববিদ্যালয়ের সিনিয়র টেকনিক্যাল অফিসার ডাঃ অশোক চন্দ্র বিশ্বাসের সার্বিক তত্বাবধানে অনুষ্ঠানের শুরুতে মঙ্গল প্রদিপ প্রজ্জলনের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সুচনা করেন এমপি সাহিদুজ্জামান খোকন।

অনুষ্ঠানের সঞ্চালনায় ছিলেন ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক ওয়াজ্জেল হোসেন।

- গাংনী প্রতিনিধি

গাংনীতে কৃষক লীগের আলোচনা সভা ও শপথ অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলা কৃষকলীগের আয়োজনে বিজয় দিবসে আলোচনা সভা ও শপথ পাঠ অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকেল সাড়ে ৪টার সময় গাংনী কাচা বাজার সংলগ্ন গরুর হাটে এ আলোচনা সভা ও শপথ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে শপথ বাক্য পাঠ করান প্রধান অতিথি মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক। অনুষ্ঠানের উদ্বোধক ছিলেন জেলা কৃষকলীগের সভাপতি মাহাবুবুল আলম শান্তি ও প্রধান বক্তার বক্তব্য রাখেন জেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন।

উপজেলা কৃষকলীগের সভাপতি মোশাররফ হোসেন এর সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, উপজেলা কৃষক লীগ সাধারণ সম্পাদক আতিয়ার রহমান, পৌর কৃষক লীগ সভাপতি বদরুল আলম, সাধারণ সম্পাদক আছাল উদ্দীন, ওয়ার্ড কাউন্সিলর নবীর উদ্দীন।

জেলা কৃষক লীগ নেতা মশিউর রহমান পলাশের সঞ্চালনায় অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন উপজেলা কৃষক লীগ সাংগঠনিক সম্পাদক আব্দুল মতিন, উপজেলা ছাত্রলীগ সভাপতি তোহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক বিপ্লব হোসেনসহ কৃষক লীগের বিভিন্ন ইউনিট নেতৃবৃন্দ।

শেখ হাসিনার নেতৃত্বে দুর্নীতি, মাদক ও মজুতদারদের বিরুদ্ধে চলমান শুদ্ধি অভিযানের সাথে একাত্বতা প্রকাশ করে এর বিরুদ্ধে লড়াই ও দেশকে দূর্নীতি মুক্ত করতে নেতা কর্মীরা শপথ বাক্য পাঠ করেন।

- গাংনী প্রতিনিধি

গাংনীতে গাঁজাসহ মহিলা আটক

মেহেরপুরের গাংনীতে ১ কেজি গাঁজাসহ কোহিনুর বেগম (৪২) নামের এক মহিলাকে আটক করেছে পুলিশ।

আটককৃত কোহিনুর বেগম কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার মুন্সিগঞ্জ গ্রামের শুকচাঁদ মন্ডলের মেয়ে।

শনিবার বিকেল ৫ টার দিকে গাংনী উপজেলার কাজীপুর গ্রামের বুড়িপোতাপাড়া এলাকা থেকে কোহিনুর বেগমকে আটক করে স্থানীয় পীরতলা ক্যাম্প পুলিশ।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান,কাজীপুর বুড়িপোতা এলাকায় মাদক পাঁচার হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে স্থানীয় পীরতলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ এস আই অজয় কুমার কুন্ডু ও সহকারী এএসআই আহমেদ আলী সেখানে অভিযান পরিচালনা করে। এ সময় কোহিনুর বেগমকে আটক করা হয়। পরে তার কাছে থাকা ১ কেজি গাঁজা উদ্ধার করা হয়। তার বিরুদ্ধে গাংনী থানায় মাদক দ্রব্য আইনে মামলা দায়ের পূর্বক আদালতে সোপর্দ করা হবে।
– গাংনী প্রতিনিধি

সহকারি লাইব্রেরিয়ান পদে নিয়োগ পরীক্ষা স্থগিত !

প্রধান শিক্ষকের বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম ও প্রার্থীদের সাথে আর্থিক লেনদেনের অভিযোগে গাংনীর এইচ এম এইচ ভি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সহকারি লাইব্রেরিয়ান নিয়োগ পরীক্ষা সাময়িক স্থগিত করা হয়েছে।

তবে কি কারনে পরীক্ষা স্থগিত করা হয়েছে তার ভিন্ন ভিন্ন ব্যাখ্যা দিয়েছেন নিয়োগ বোর্ডের সংশ্লিষ্ট কর্মর্কর্তরা।

জানাগেছে, মেহেরপুরের গাংনী উপজেলার হিন্দা এইচ এম এইচ ভি

মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে ২০১০ সালের শেষের দিকে সৃষ্ট সহকারি লাইব্রেরীয়ান শুন্য পদের জন্য গত ২ নভেম্বরে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহব্বান করা হয়।

আবেদন গ্রহনের নিমিত্তে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের পর স্থানীয় মফিজুর রহমান,মেহেদী হাসান,শাহানাজ খাতুন ও রাবেয়া খাতুন মোট চার জন প্রার্থী উক্ত পদের জন্য আবেদন করেন।

তবে আবেদন কারিদের মধ্যে দুই জন অন্য একটি প্রতিষ্ঠানে চাকুরিরত থাকায় এলাকাবাসির মধ্যে সন্দেহের সৃষ্টি হয়। তাছাড়া ডিজি’র মনোনীত প্রতিনিধি পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্রে উপস্থিত থাকার কথা থাকলেও তার অনুপস্থিতিতে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছিল।

আবেদনকারীদের নিয়োগ পরীক্ষায় অংশ গ্রহনের জন্য গত ১৯ ডিসেম্বর তারিখে প্রবেশ পত্র প্রদান করেন নিয়োগ বোর্ডের কর্মকর্তা।

মেহেরপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষককে ডিজি’র মনোনীত প্রতিনিধি নিযুক্ত করে ২৭ ডিসেম্বর শুক্রবার সকালে গাংনী মাধ্যমিক শিক্ষা অফিসারের সভা কক্ষে নিয়োগ পরীক্ষা শুরু হয়।

পরীক্ষা শুরুর কিছুক্ষণ পরে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের নির্দেশে নিয়োগ পরীক্ষা সাময়িক স্থগীত হয়ে যায় বলে জানা গেছে। তবে কি কারনে নিয়োগ পরীক্ষা স্থগীত করা হয়েছে তার সঠিক কারন জানাতে পারেনি নিয়োগ সংশ্লিষ্ট কর্তারা।

নাম প্রকাশ না করার শর্তে স্থানীয়রা জানায়, বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি জাহাঙ্গীর আলম, প্রধান শিক্ষক আব্দুল হালিম ও মাধ্যমিক শিক্ষা অফিসারের যোগসাজসে মোটা অংকের টাকার বিনিময়ে সহকারি লাইব্রেরীয়ান নিয়োগ দেয়া হচ্ছে।

স্থানীয়রা এমন অভিযোগ তোলার কারনে নিয়োগ পরীক্ষা স্থগীত করা হয়েছে বলে জানায় একজন কর্মকর্তা।

মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসার জানান, আমি ডিজি প্রতিনিধির সাথে কথা বলে নিয়োগ পরীক্ষা নেয়া হচ্ছিল,কিন্তু তার নির্দেশেই স্থগীত করা হয়েছে। তবে পরীক্ষা স্থগীতের যৌতিক কোন কারন আছে বলে আমার মনে হয়নি।

বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি জাহাঙ্গীল আলম জানায়, বিদ্যালয়ের উন্নয়নের জন্য স্থানীয় শিক্ষীত ব্যাক্তিদের আর্থিক

সহায়তায় বিদ্যালয়টি পরিচালিত হয়ে আসছে। টাকা পয়সা নিজেরা খরচ করে বিদ্যালয়টি পরিচানা করছেন। তবে পরীক্ষা স্থগীত করার কারন তিনিও জানেন না বলে জানিয়েছেন।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক আঃ হালিম জানায়, নিয়মতান্ত্রিক ভাবেই পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছিল। অদৃশ্য ইশারায় পরীক্ষা স্থগীত হওয়ায় আমি হতাশাগ্রস্থ।

নিয়োগ পরীক্ষায় নিযুক্ত ডিজি’র মনোনীত প্রতিনিধি মেহেরপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক শান্তি আরা বেগম জানান, নিয়োগ পরীক্ষার ব্যাপারে আমি কিছুই জানিনা। আমাকে জানানো হয়নি। তাছাড়া আমি চিকিৎসার জন্য ঢাকায় আছি। আমার সাথে কেউ কথা বলেনি। এসব বানোয়াট কথা বলা হচ্ছে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানের সাথে মোবাইল ফোনে বারবার যোগাযোগের চেষ্টা করা হলে রিসিভ না করায় তার মন্তব্য নেয়া সম্ভব হয়নি।

– আল আমীন, মেহেরপুর